Public Relations Office
University of Dhaka
Dhaka-1000, Bangladesh
Phone: 55167719
E-mail: publicrelations@du.ac.bd

জনসংযোগ অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
ঢাকা- ১০০০, বাংলাদেশ
ফোন : ৫৫১৬৭৭১৯

# DU in Media

০৯ আষাঢ় ১৪৩২

23 June 2025

## নয়া দিগন্ত



### ঢাবিতে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে সেমিনার অনুষ্ঠিত

বিশ্ব পরিবেশ দিবস-২০২৫ উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় (ঢাবি) আরবরিকালচার সেন্টারের উদ্যোগে 'প্লাস্টিক ব্যবহার বর্জন করি, দূষণ ও প্লাস্টিক মুক্ত সবুজ ক্যাম্পাস গড়ি' শীর্ষক এক সেমিনার গতকাল রোববার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন সেমিনার রুমে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। ঢাকা বিশ্ববিদ্যালয় ■ ৪র্থ পৃ: ২-এর কলামে

### ঢাবিতে বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে

৩য় পৃষ্ঠার পর

বিজ্ঞান অনুষদ, আইন অনুষদ, পরিবেশ সংসদ এবং গ্রিন ফিউচার ফাউন্ডেশনের সহযোগিতায় এই সেমিনার আয়োজন করা হয়।

আরবরিকালচার সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিনের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রোভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা এবং আইন অনুষদের ডিন অধ্যাপক ড. মোহাম্মদ ইকরামুল হক বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন। বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. আবদুস সালাম প্লাস্টিকের ক্ষতিকর প্রভাব এবং এর সমাধান বিষয়ক প্রবন্ধ উপস্থাপন করেন। এ সময় আরবরিকালচার সেন্টারের কর্মকর্তা-কর্মচারীরা, পরিবেশ সংসদের নেতৃবৃন্দ, গ্রিন ফিউচার ফাউন্ডেশনের প্রতিনিধিরা এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন।

ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, মানব জাতির অস্তিত্বের সাথে পরিবেশ সংরক্ষণের বিষয় ওতপ্রোতভাবে জড়িত। জীববৈচিত্র্য, প্রকৃতি ও পরিবেশ সংরক্ষণে আমাদের প্রত্যেককে নিজ নিজ অবস্থান থেকে কাজ করতে হবে। তিনি বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে পরিবেশ সংরক্ষণ বিষয়ক কর্মকাণ্ড এখন অনেক বেড়েছে। ক্যাম্পাসে বৃক্ষরোপণ কর্মসূচি জোরদার করা হয়েছে। গাছের পাতা পোড়ানো ও আতশবাজি বন্ধ এবং প্লাস্টিক বর্জন কর্মসূচিসহ বেশ কিছু পদক্ষেপ নেয়া হয়েছে। সমাজকে সম্পৃক্ত করে স্বেচ্ছাসেবার ভিত্তিতে আমরা এসব কার্যক্রম বাস্তবায়নের চেষ্টা করছি। এক্ষেত্রে সরকারের সাথেও যোগাযোগ বৃদ্ধি করা হয়েছে। বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটে পরিবেশ বিষয়ক শিক্ষা ও গবেষণা কার্যক্রম চলমান রয়েছে। বছরব্যাপী এসব কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণের জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

সেমিনার শেষে শিক্ষক ও শিক্ষার্থীদের অংশগ্রহণে সিনেট ভবন থেকে এক র‍্যালি বের করা হয়। র‍্যালিটি মল চত্বরে গিয়ে শেষ হয়। র‍্যালি শেষে মল চত্বরে বেশ কিছু দেশীয় গাছের চারা রোপণ করা হয়।

## The Financial Express

WORLD ENVIRONMENT DAY

### DU holds seminar on use of plastic

DU CORRESPONDENT

A special seminar, titled 'Let's Abandon the Use of Plastic, Build a Green Campus Free of Pollution and Plastic', was held at Dhaka University (DU) on Sunday on the occasion of World Environment Day.

The seminar took place at Nabab Nawab Ali Chowdhury Senate Building. It was jointly organized by the Faculty of Science, Faculty of Law, Environment Union, and Green Future Foundation.

DU Vice-Chancellor Prof. Dr. Niaz Ahmed Khan attended the event as the chief guest.

Among other distinguished attendees were Prof. Sayema Haque Bidisha, DU Pro-VC (Administration), and Dr. M Jasim Uddin, Director of Arboriculture Centre.

Prof. Dr. Abdus Salam, Dean of Faculty of Science, presented a keynote paper.

## ইনকিলাব



বিশ্ব পরিবেশ দিবস উপলক্ষে ঢাকা বিশ্ববিদ্যালয় আরবরিকালচার সেন্টারের উদ্যোগে 'প্লাস্টিক ব্যবহার বর্জন করি, দূষণ ও প্লাস্টিক মুক্ত সবুজ ক্যাম্পাস গড়ি' শীর্ষক এক সেমিনার গতকাল রোববার নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবন সেমিনার রুমে অনুষ্ঠিত হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি

## দৈনিক বর্তমান

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে দু'দিনব্যাপী 'ফার্স্ট পলিটিক্যাল সায়েন্স কনফারেন্স' শুরু

ঢাবি প্রতিনিধি



শ্যাডো রিফর্ম কমিশন, শ্যাডো ন্যাশনাল কনসেনসাস কমিশন এবং পলিটিক্যাল অ্যান্ড পলিসি সায়েন্স রিসার্চ ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে 'দ্য স্টেট রিফর্মস ইন ট্রানজিশনাল ডেমোক্রেসিস: ফ্রম মাস আপরাইজিং টু ইলেকশন অ্যান্ড স্টেট বিল্ডিং' শীর্ষক দু'দিনব্যাপী "ফার্স্ট পলিটিক্যাল সায়েন্স কনফারেন্স" আজ ২২ জুন ২০২৫ রবিবার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে এই সম্মেলন উদ্বোধন করেন। উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারপার্সন অধ্যাপক ড. নাছিমা খাতুন বক্তব্য রাখেন। সম্মেলন আয়োজক কমিটির আহ্বায়ক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক কাজী মোহাম্মদ মাহবুবুর রহমান স্বাগত বক্তব্য দেন। জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ মূল প্রবন্ধ উপস্থাপন করেন। উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, জুলাই-এর ছাত্র-জনতার অভ্যুত্থানের পর আমরা এক ক্রান্তিকাল অতিক্রম করছি। গণতন্ত্রকে সুসংহত করতে এসময় সকলকে ঐক্যবদ্ধ থাকতে হবে। সকল রাজনৈতিক ও সামাজিক বিভাজন দূর করে আমাদের একযোগে সামনে এগিয়ে যেতে হবে। শিক্ষক, গবেষক ও পেশাজীবীদের মধ্যে পারস্পরিক সম্পর্ক জোরদার ও নেটওয়ার্ক বৃদ্ধিতে এই সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অত্যন্ত সময়োপযোগী বিষয়কে উপজীব্য করে এই সম্মেলন আয়োজন করায় তিনি আয়োজকদের আন্তরিক ধন্যবাদ জানান। 'দু'দিনব্যাপী সম্মেলনের ১৬টি সেশনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকগণ প্রায় ৬০টি প্রবন্ধ উপস্থাপন করবেন।

## নয়া দিগন্ত

### ঢাকা বিশ্ববিদ্যালয়ে দু'দিনব্যাপী 'ফার্স্ট পলিটিক্যাল সায়েন্স কনফারেন্স' শুরু

শ্যাডো রিফর্ম কমিশন, শ্যাডো ন্যাশনাল কনসেনসাস কমিশন এবং পলিটিক্যাল অ্যান্ড পলিসি সায়েন্স রিসার্চ ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে 'দ্য স্টেট রিফর্মস ইন ট্রানজিশনাল ডেমোক্রেসিস: ফ্রম মাস আপরাইজিং টু ইলেকশন অ্যান্ড স্টেট বিল্ডিং' শীর্ষক দু'দিনব্যাপী 'ফার্স্ট পলিটিক্যাল সায়েন্স কনফারেন্স' গতকাল রোববার অধ্যাপক মুজাফফর আহমেদ চৌধুরী মিলনায়তনে শুরু হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান প্রধান অতিথি হিসেবে এই সম্মেলন উদ্বোধন করেন।

উদ্বোধনী অনুষ্ঠানে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. এ এস এম আমানুল্লাহ, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি (শিক্ষা) অধ্যাপক ড. দিল রওশন জিন্নাত আরা নাজনীন এবং রাষ্ট্রবিজ্ঞান বিভাগের চেয়ারপারসন অধ্যাপক ড. নাছিমা খাতুন বক্তব্য রাখেন। সম্মেলন আয়োজক কমিটির আহ্বায়ক এবং ঢাকা বিশ্ববিদ্যালয় রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক কাজী মোহাম্মদ মাহবুবুর রহমান স্বাগত বক্তব্য দেন। জাতীয় ঐকমত্য কমিশনের সহসভাপতি অধ্যাপক আলী রীয়াজ মূল প্রবন্ধ উপস্থাপন করেন।

অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, জুলাই'র ছাত্র-জনতার অভ্যুত্থানের পর আমরা এক ক্রান্তিকাল অতিক্রম করছি। গণতন্ত্রকে সুসংহত করতে এ সময় সবাইকে ঐক্যবদ্ধ থাকতে হবে। সব রাজনৈতিক ও সামাজিক বিভাজন দূর করে আমাদের একযোগে সামনে এগিয়ে যেতে হবে। শিক্ষক, গবেষক ও পেশাজীবীদের মধ্যে পারস্পরিক সম্পর্ক জোরদার ও নেটওয়ার্ক বৃদ্ধিতে এই সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন। অত্যন্ত সময়োপযোগী বিষয়কে উপজীব্য করে এই সম্মেলন আয়োজন করায় তিনি আয়োজকদের আন্তরিক ধন্যবাদ জানান।

দু'দিনব্যাপী সম্মেলনের ১৬টি সেশনে বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও গবেষকরা প্রায় ৬০টি প্রবন্ধ উপস্থাপন করবেন। বিজ্ঞপ্তি।

## দৈনিক বর্তমান




# ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছয়টি হল ও একটি ছাত্রীনিবাসে চীনা দূতাবাসের এলইডি টিভি প্রদান

ঢাবি প্রতিনিধি

চীন এবং বাংলাদেশের মধ্যে বিরাজমান বন্ধুত্বপূর্ণ সম্পর্কের অংশ হিসেবেচীনা দূতাবাসের পক্ষ থেকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের পাঁচটি ছাত্রী হল, একটি ছাত্রীনিবাস ও স্যার পিজে হার্টগ ইন্টারন্যাশনাল হলে এলইডি টেলিভিশন প্রদান করা হয়েছে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান আজ ২২ জুন, ২০২৫ রবিবার তাঁর সভাকক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে সংশ্লিষ্টদের মাঝে এই টেলিভিশনগুলো বিতরণ করেন।

এলইডি টেলিভিশন পাওয়া ছাত্রীনিবাস ও হলগুলো হলো: রোকেয়া হল, শামসুন নাহার হল, বাংলাদেশ-কুয়েত মৈত্রী হল, স্যার পি জে হার্টগ ইন্টারন্যাশনাল হল, শেখ ফজিলাতুন্নেছা মুজিব হল, কবি সুফিয়া কামাল হল ও নবাব ফয়জুন্নেসা চৌধুরাণী ছাত্রীনিবাস।

এসময় রোকেয়া হলের ভারপ্রাপ্ত প্রভোস্ট সহকারী অধ্যাপক রুম্মানা পারভীন এ্যানি, শামসুন নাহার হলের প্রভোস্ট অধ্যাপক নাসরিন সুলতানা, বাংলাদেশ-কুয়েত মৈত্রী হলের প্রভোস্ট অধ্যাপক ড. মাহবুবা সুলতানা, স্যার পি জে হার্টগ ইন্টারন্যাশনাল হলের প্রভোস্ট অধ্যাপক এম এ কাউসার, শেখ ফজিলাতুন্নেছা মুজিব হলের প্রভোস্ট অধ্যাপক ড. আলেয়া বেগম, কবি সুফিয়া কামাল হলের প্রভোস্ট ড. ছালমা নাছরীন, সলিমুল্লাহ মুসলিম হলের প্রভোস্ট অধ্যাপক ড. আব্দুল্লাহ-আল-মামুন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের কনফুসিয়াস ইনস্টিটিউটের পরিচালক ড. ইয়ং হুই উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খান বলেন, চীনের সঙ্গে আমাদের বন্ধুত্ব বহু পুরনো এবং অত্যন্ত সুদৃঢ়। সাম্প্রতিক সময়েও এ সম্পর্ক আরও দৃঢ়তর হয়েছে। বিভিন্ন সময় চীনের সরকারি কর্মকর্তা ও বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা ঢাকা বিশ্ববিদ্যালয় সফর করেছেন। আমাদের দিক থেকেও চীন সফর করা হয়েছে। এই আন্তঃযোগাযোগের ফলে দুই দেশের মধ্যে এবং বিশ্ববিদ্যালয় পর্যায়ে পারস্পরিক সহযোগিতা আরও গভীর হয়েছে।

তিনি আরও বলেন, গত ১ বছরে ঢাকা বিশ্ববিদ্যালয়ে চীনা শিক্ষার্থীর সংখ্যা দ্বিগুণ হয়েছে। আমরা তাদের প্রয়োজন বিবেচনায় ইন্টারন্যাশনাল হলে একটি আলাদা ব্লক স্থাপন করেছি।

উপাচার্য উল্লেখ করেন, সম্প্রতি ইউনান প্রদেশের গর্ভনর ঢাকা বিশ্ববিদ্যালয় সফর করেছেন এবং নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে একটি শিক্ষা প্রদর্শনীর আয়োজন করেছেন। চীন সরকারের আর্থিক সহায়তায় ২৪৪ কোটি টাকা ব্যয়ে একটি নতুন ছাত্রী হল নির্মাণের পরিকল্পনাও গ্রহণ করা হয়েছে। এছাড়া, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগ ও ইনস্টিটিউটে চীনা ভাষা কোর্সে অধ্যয়নরত ৫২ জন শিক্ষার্থীকে এবছর কনফুসিয়াস ইনস্টিটিউটের পক্ষ থেকে বৃত্তি দেওয়া হয়েছে। চীনা দূতাবাস কর্তৃক হলগুলোতে টেলিভিশন সরবরাহ এই সহযোগিতারই অংশ এবং ভবিষ্যতেও এই সহায়তা অব্যাহত থাকবে বলে তিনি আশাবাদ ব্যক্ত করেন।